ডীন
কলা ও মানবিকী অনুষদ
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা-১৩৪২, বাংলাদেশ
ফোন : পিএবিএক্স ৭৭৯১০৪৫-৫১/১৩২১

Dean
**Faculty of Arts & Humanities**
Jahangirnagar University
Savar, Dhaka-1342, Bangladesh
Phone : PABX 7791045-51/1321

১৮ আগস্ট ২০২৫

বরাবর
মাননীয় উপাচার্য
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা।

জনাব,

গত ১৫ জুলাই ২০২৪ তারিখে উপাচার্যের বাসভবন ও এর আগে-পরে ক্যাম্পাসে সংগঠিত সহিংস ঘটনায় অভিযুক্ত শিক্ষকবৃন্দের ভূমিকা খতিয়ে দেখতে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট কর্তৃক গঠিত স্ট্রাকচারাল কমিটির আমি একজন সদস্য (ডিন হিসেবে)। গত ১৭ আগস্ট ২০২৫ তারিখে কমিটির সামনে সাক্ষ্য দিতে আসা একজন শিক্ষার্থী আমাদের উপস্থিতিতে আপনাকে জানান যে তিনি কমিটির উপস্থিত সদস্যবৃন্দের সামনে সাক্ষ্য দিতে অনাগ্রহী কারণ কমিটিতে এমন একজন সদস্য আছেন (আমাকে ইঙ্গিত করে) যিনি উল্লিখিত সহিংস ঘটনার নিমিত্তে বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক গৃহীত পদক্ষেপ শিক্ষকদের স্বার্থ ক্ষতিগ্রস্ত করছে কি না তা খতিয়ে দেখতে শিক্ষক সমিতির নেতৃবৃন্দকে ইতোমধ্যে অনুরোধ করেছেন। উপস্থিত শিক্ষার্থীর এ মনোভাব প্রকাশের পর আপনি কমিটির কয়েকজন সদস্যকে (আমিসহ) পাশের কক্ষে পাঠিয়ে দিয়ে শিক্ষার্থীর সাক্ষ্য গ্রহণ করেন।

আপনার পক্ষ থেকে এই উদ্যোগে কমিটির একজন সদস্য ও বিশ্ববিদ্যালয়ের একটি অনুষদের নির্বাচিত ডিন হিসেবে আমি যথেষ্ট বিব্রতবোধ করেছি; এবং আপনার বিচারবোধে বিচলিত বোধ করেছি। এই পরিস্থিতিতে সংবেদনশীল এই তদন্ত কমিটিতে আপনার সাথে কাজ করতে আমি নিরাপদ বোধ করছি না। শিক্ষার্থীদের চাপের মুখে ভবিষ্যতেও আপনি শিক্ষকদের সম্মানহানি করবেন বলে আমি আশঙ্কা করি। এ ধরণের অসম্মানজনক পরিস্থিতি এড়াতে আমি স্ট্রাকচারাল কমিটিতে কাজ চালিয়ে যেতে আগ্রহী নই। উল্লেখ্য, যে প্রক্রিয়া/পদ্ধতি ও যে ধরণের দ্রুততার সাথে শিক্ষক-সংশ্লিষ্ট বিষয়টির তদন্ত এগিয়ে নেয়া হচ্ছে তাতে ন্যায় বিচার প্রতিষ্ঠিত হওয়া কঠিন বলে আমি মনে করি। কাজের পদ্ধতি নির্বাচনের ক্ষেত্রে আপনি সন্তুষ্টিবিধানের রাস্তা গ্রহণ করছেন বলে ভাববার যথেষ্ট কারণ আমার রয়েছে।

আপনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করবার পাশাপাশি প্রত্যাশা করি যে আপনি বিবিধ পক্ষকে সন্তুষ্ট করবার রাস্তা ত্যাগ করে প্রশাসনিক স্বচ্ছতা বৃদ্ধি করবেন।

ধন্যবাদান্তে,

অধ্যাপক ড. মো. মোজাম্মেল হক
ডিন, কলা ও মানবিকী অনুষদ
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা।

অনুলিপি:
১। সকল শিক্ষক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।